# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইমাম আবূ হানীফা ও আল-ফিকহুল আকবার

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১১. হাদীস বিষয়ক অভিযোগ

ইমাম আবূ হানীফার বিরুদ্ধে উত্থাপিত হাদীস বিষয়ক অভিযোগ দ্বিবিধ: (১) তিনি হাদীসের জ্ঞান ও বর্ণনায় দুর্বল ছিলেন এবং (২) তিনি হাদীস বিরোধী ফিকহের জনক ছিলেন। ইনশা আল্লাহ, দ্বিতীয় বিষয়টি আমরা ফিকহ বিষয়ক অভিযোগ প্রসঙ্গে আলোচনা করব। এখানে আমরা প্রথম বিষয়টি আলোচনা করতে চাই।

আমরা বলেছি যে, তৃতীয় শতক থেকে মুহাদ্দিসগণের মধ্যে ইমাম আবূ হানীফা বিরোধী প্রচারণা ছিল ব্যাপক। তারপরও আমরা দেখি যে, তৃতীয় শতকের প্রথম দিকের প্রসিদ্ধ মুহাদ্দিস ও জারহ-তাদীল বিশেষজ্ঞগণ তাঁর নির্ভরযোগ্যতার কথা বলেছেন। পরবর্তীগণ তাঁর দুর্বলতার কথা উল্লেখ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7052

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন